গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
(প্রতিবন্ধী বিষয়ক শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.msw.gov.bd

**আগামী ০৩ ডিসেম্বর ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস, ২০১৭ উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার (২য় সভা) কার্যবিবরণী**

সভাপতিঃ মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়ঃ ০২/১১/২০১৭ খ্রি. # বিকাল ৩.০০ টা
সভার স্থান : সমাজকল্যান মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৪২৩, ৪থ তলা, ভবন নং-৬) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সন্নিবেশ করা হলো

০২। আগামী ০৩ ডিসেম্বর, ২০১৭ **'২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস'** ও **'১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস/২০১৭'** যথাযোগ্য মর্যাদায় উদযাপনের ১ম প্রস্তুতিমূলক সভা সচিব সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সভাপতিত্বে১০.১০.২০১৭খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনাপূর্বক নিম্ন-রূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | উদ্বোধনী অনুষ্ঠানের বিশেষ অতিথিবৃন্দকে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক ডিও পত্র প্রেরন | (১) অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসবে উপস্থিত থাকার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় কতৃর্ক মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় কে ডিও পত্র প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>(২) এছাড়া, জাতীয় প্রতিবন্ধী ফোরামের সভাপতি ইন্তেকাল করায় সভাপতি পদে যথাযথ পদ্ধতি অনুসরণ করে শুভেচ্ছা বক্তব্য প্রদানের জন্য একজনকে নির্বাচিত /মনোনীত করে মন্ত্রণালয়কে জানাতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | বিশেষ অতিথি হিসবে অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় স্বাক্ষরিত উপানুষ্ঠানিক প্রেরণ করে পত্র মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এবং মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়কে আমন্ত্রণ জানাতে হবে শুভেচ্ছা বক্তব্য প্রদানের জন্য সভাপতি পদে যথাযথ পদ্ধতি অনুসরণ করে একজনকে নির্বাচিত /মনোনীত করে সমাজকল্যাণ মন্ত্রণালয়কে জানাতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং, দিবস উদযাপন কমিটি সমাজকল্যান মন্ত্রণালয়<br><br>জাতীয় প্রতিবন্ধী ফোরাম |
| ২। | ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ক্যাম্পাসে | মাননীয় প্রধান অতিথি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা ক্যাম্পাসে প্রতিবন্ধী উত্তোরণ মেলা উদ্বোধন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। মেলা ০৩ ডিসেম্বর, ২০১৭ খ্রি. থেকে ৫ (পাঁচ)দিন ব্যাপী চলবে। ব্যবস্থাপনা | মাননীয় প্রধান অতিথি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, | ব্যবস্থাপন পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিবন্ধী উত্তোরণ মেলা উদ্বোধন | পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ভিডিও কনফারেন্স আয়োজন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | ক্যাম্পাসে প্রতিবন্ধী উত্তোরন মেলা উদ্বোধন করবেন। | |
| ৩। | প্রতিবন্ধী বিষয়ক উদ্ভাবনী উদ্যোগের প্রদর্শন এবং স্মার্ট হুইল চেয়ার (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট ডিভাইস বিতরণ | (১) মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রামের প্রতিনিধি জনাব মশিউর রহমান প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি সভায় অবহিত করেন।<br>(২) এটুআই কর্তৃপক্ষ মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তরের সাথে সমন্বয় করে স্মার্ট হুইল চেয়ার (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট ডিভাইস বিতরণের তালিকা করবেন মর্মে সভায় আলোচনা হয়। | এটুআই কর্তৃপক্ষ মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তরের সাথে সমন্বয় করে স্মার্ট হুইল চেয়ার (সোলার) ও বাক প্রতিবন্ধী ব্যক্তিদের কে সহজ যোগাযোগের স্মার্ট ডিভাইস বিতরণের তালিকা প্রস্তুত করবেন। | এটুআই কর্তৃপক্ষ মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর |
| ৪। | অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয়ের সচিবকে পত্র প্রেরণ করতে হবে। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় বিষয়টি মনিটরিং করবেন মর্মে সভায় আলোচনা হয়। | বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারের জন্য সচিব, তথ্য মন্ত্রণালয়কে একটি পত্র প্রেরণ করতে হবে। জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় বিষয়টি মনিটরিং করবেন। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৫। | সংবাদ সম্মেলনের আয়োজন | মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় সুবিধাজনক সময়ে সংবাদ সম্মেলন করে আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং জাতীয় প্রতিবন্ধী দিবসের গুরত্ব তুলে ধরবেন মর্মে সভায় আলোচনা হয়।<br>জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় সংবাদ সম্মেলন আয়োজনের সকল ব্যবস্থা গ্রহণ, বাস্তবায়ন এবং মনিটরিং করবেন। | জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় সংবাদ সম্মেলনের সকল ব্যবস্থা গ্রহণ করবেন। | জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৬। | উপ-কমিটিসমূহ দিবস বাস্তবায়নে স্ব-স্ব কর্ম-পরিধি নির্ধারণপূর্বক কর্মসম্পাদন করবে | উপ-কমিটিসমূহ কর্তৃক ইতোমধ্যে অনুষ্ঠান সাফল্যমন্ডিত করার প্রয়োজনীয় কার্যক্রম প্রণয়ন করে তা বাস্তবায়নে কার্যকরী উদ্যোগ গ্রহণ করেছেন মর্মে সভায় আলোচনা হয়। | অনুষ্ঠান সাফল্যমন্ডিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | সকল উপ-কমিটি |
| ৭। | সকল কার্যক্রমের অগ্রগতি সচিব কে অবহিতকরণ | অনুষ্ঠান সাফল্যমন্ডিতকরণে উদযাপন কমিটসহ উপ-কমিটিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে সচিব, সমাজকল্যাণ | উদযাপন কমিটসহ উপ-কমিটিসমূহ কর্তৃক গৃহীত কার্যক্রমের | উদযাপন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মন্ত্রণালয়-কে অবহিত করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | অগ্রগতি সচিব-কে অবহিত করতে হবে | |
| ৮। | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টক-শো আয়োজন ও প্রচার | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টক-শো আয়োজন ও প্রচারের জন্য সচিব, তথ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে এবং পরবর্তীতে প্রয়োজনে তাগিদপত্র প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টক-শো আয়োজন ও প্রচারের জন্য সচিব, তথ্য মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং, জনসংযোগ কর্মকর্তা সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ৯। | জেলা প্রশাসকগণ এবং উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়-কে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ | (১) সভায় আলোচনা হয় যে, দিবসটি যথাযথভাবে উদযাপনের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব এর স্বাক্ষরে দেশের সকল জেলা প্রশাসকগণকে (ঢাকা ব্যতিত) উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে।<br>(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়-কে অনুরূপ পত্র প্রেরণ করবেন। | (১) অবিলম্বে দেশের সকল জেলা প্রশাসকগণকে (ঢাকা ব্যতিত) উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করতে হবে।<br>(২) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর উপ-পরিচালক জেলা সমাজসেবা কার্যালয়-কে অনুরূপ উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করবেন। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১০। | আইন শৃঙ্খলা রক্ষায় ব্যবস্থা গ্রহণ | অনুষ্ঠানস্থলে এবং আশপাশ এলাকায় ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ এবং আইন শৃঙ্খলা রক্ষা নিশ্চিতকরণে স্বরাস্ট্র মন্ত্রণালয় ও পুলিশ কমিশনার ঢাকাসহ সংশ্লিষ্ট দপ্তরে জরূরীভিত্তিতে পত্র প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | (১) ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণ এবং আইন শৃঙ্খলা রক্ষা নিশ্চিতকরণে স্বরাস্ট্র মন্ত্রণালয় ও পুলিশ কমিশনার ঢাকাসহ সংশ্লিষ্ট দপ্তরে জরূরীভিত্তিতে পত্র প্রেরণ করতে হবে।<br>(২) আইন শৃঙ্খলা রক্ষায় নিয়োজিত বাহিনীর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং, উদযাপন কমিটি, সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১১। | মেডিকেল টিম গঠন এবং হাসপাতালে প্রয়োজনীয় বেড সংরক্ষণ | সভায় আলোচনা হয় যে, অনুষ্ঠানস্থলের জন্য একটি মেডিকেল টিম গঠনপূর্বক নিয়োজিত রাখা এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের নিকটবর্তী ২টি হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যাক বেড সংরক্ষণসহ সার্বিক প্রস্তুতি গ্রহণের জন্য স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | মেডিকেল টিম গঠন এবং বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের নিকটবর্তী হাসপাতালে প্রয়োজনীয় সংখ্যক বেড সংরক্ষণে স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্যও পরিবার কল্যাণ এবং মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে পত্র প্রেরণ করতে হবে। | প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা উইং |
| ১২। | বানীসহ ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার | সভায় আলোচনা হয় যে, উপ-কমিটি কর্তৃক সদস্যগণকে ক্রোড়পত্রের জন্য বানী সংগ্রহ, | যথাসময়ে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় | ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বানী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চূড়ান্তকরণ, কম্পোজ, ডিজাইন, মুদ্রণ, বিতরণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত দায়িত্ব প্রদানসহ কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়। | প্রধানমন্ত্রীর বানী সম্বলিত ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার নিশ্চিত করতে হবে। | সংগ্রহসহ) উপ-কমিটি |
| ১৩। | ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ | সভায় আলোচনা হয় যে, ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ বিষয়ে যাবতীয় তথ্যাদি সংশ্লিষ্ট ৫টি প্রতিষ্ঠান হতে সংগ্রহ করা হয়েছে। এছাড়া, ব্রোশিউরের ফরম্যাট করার প্রক্রিয়া চলমান আছে। | যথাসময়ে ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ নিশ্চিত করতে হবে। | ব্রোশিউর প্রণয়ন ও প্রকাশ উপ-কমিটি |
| ১৪। | মেলা আয়োজন | সভায় আলোচনা হয়যে, পূর্ববর্তী বছরের ন্যায় এবারও জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন মিরপুর, চত্বরে বর্নাঢ্য মেলা আয়োজনের সার্বিক প্রস্তুতি গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | সফলভাবে মেলা আয়োজনের প্রস্তুতি দ্রুত সম্পন্ন করতে হবে। | মেলাআয়োজন উপ-কমিটি |
| ১৫। | BICC মিলনায়তনে নির্ধারিত হলে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ | সংশ্লিষ্ট উপ-কমিটি BICC মিলনায়তনে নির্ধারিত হলে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ করবেন মর্মে সভায় আলোচনা হয়। | BICC মিলনায়তনের নির্ধারিত হলটিতে মঞ্চসজ্জা নিশ্চিতকরণ করতে হবে। | মঞ্চসজ্জা উপ-কমিটি |
| ১৬। | বাজেট প্রণনয়ন | সভায় আলোচনা হয় যে, গত বছরের অনুষ্ঠান আয়োজনের ব্যয়কে ভিত্তি ধরে একটি খসড়া বাজেট প্রণয়ন করা হয়েছে। সংশ্লিষ্ট উপ-কমিটি থেকে সম্ভাব্য ব্যয়ের হিসাব পাওয়ার পর একটি পূর্ণাংগ বাজেট প্রস্তুত করা সম্ভব সম্ভব হবে। | সকল উপ-কমিটি থেকে সম্ভাব্য ব্যয়ের হিসাব দ্রুত সংগ্রহ করে একটি পূর্ণাংগ বাজেট প্রস্তুত করতে হবে। | বাজেট উপ-কমিটি |
| ১৭। | আমন্ত্রণপত্র প্রস্তুত, মুদ্রণ ও বিতরণ | সভায় আলোচনা হয় যে, আমন্ত্রণ পত্রের খসড়া প্রিন্টিং এর জন্য ইতিমধ্যে প্রেসে প্রেরণ করা হয়েছে। | আমন্ত্রণ পত্র দ্রুত চূড়ান্ত করে ছাপানো কাজ শুরু করতে হবে। | আমন্ত্রণপত্র প্রস্তুত, মুদ্রণ ও বিতরণ উপ-কমিটি |
| ১৮। | পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন চূড়ান্তকরণ | (১) সভায় আলোচনা হয় যে, প্রত্যেক জেলা তিন ক্যাটাগরী থেকে ১টি করে মোট ৩টি মনোনয়ন অবিলম্বে পুরস্কার প্রদান সুপারিশ উপ-কমিটি বরাবরে প্রেরণ করবে এবং<br>(২) পুরস্কার প্রদান সুপারিশ উপ-কমিটি প্রত্যেক ক্যাটাগরী থেকে ৯টি করে মোট ২৭টি মনোনয়ন সুপারিশসহ আগামী ০৯ নভেম্বর, ২০১৭ খ্রি. তারিখের মধ্যে পূরস্কার মনোনয়ন উপ-কমিটি বরাবরে প্রেরণ করবেন। | জেলা পর্যায় থেকে ক্যাটাগরীভিত্তিক প্রাপ্ত সুপারিশ বাছাই করে প্রত্যেক ক্যাটাগরীর জন্য ৯টি করে মোট ২৭টি মনোনয়ন সুপারিশসহ আগামী ০৯ নভেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে পুরস্কার মনোনয়ন উপ-কমিটির নিকট প্রেরণ করবে। | পুরস্কার প্রদান সুপারিশ উপ-কমিটি/পুরস্কার মনোনয়ন উপ-কমিটি |
| ১৯। | পুরস্কার সামগ্রী প্রস্তুত | সভায় আলোচনা হয় যে, বিভিন্ন ক্যাটাগরীতে পূরস্কার প্রদানের জন্য প্রয়োজনীয় ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রস্তুতের কাজ করা হচ্ছে। | যথাসময়ে পুরস্কার সামগ্রী প্রস্তুত করতে হবে। | পুরস্কার সামগ্রী প্রস্তুত উপ-কমিটি |
| ২০। | সচিবালয়সহ সড়ক দ্বীপ সজ্জিতকরণ | জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন চত্বরসহ, মিরপুর ১৪ নং, গণভবনএলাকা, ফার্মগেট থেকে শাহবাগ হয়ে সচিবালয় পর্যন্ত সড়কদ্বীপ এবং সচিবালয়ে ফেস্টুন, ব্যানার ও তোরণ দ্বারা সজ্জিত করার বিষয়ে আলোচনা করা হয়। | সচিবালয়সহ সড়কদ্বীপসমূহ এবং BICC চত্বর ও আশপাশ এলাকা অন্ততঃ দুদিন আগে থেকে সজ্জিত করতে | সচিবালয়সহ সড়ক দ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হবে। | |
| ২১। | ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন | সভায় আলোচনা হয় যে, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষার আলোকে নির্মিত ভিডিও চিত্র, স্থিরচিত্র এবং অন্যান্য তথ্যাদি সংগ্রহ ও সমন্বয় করে একটি সুসংগঠিত ডকুমেন্টারি দ্রুত প্রস্তুত করতে হবে। | একটি তথ্যবহুল ডকুমেন্টারি দ্রুত প্রস্তুত করতে হবে | ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি |
| ২২। | পোস্টার প্রস্তুত ও বিতরণ | সভায় আলোচনা হয় যে, প্রতিবন্ধিতা বিষয়ে সচেতনতা বৃদ্ধি, প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষায় গৃহীত উন্নয়ন কার্যক্রমে তথ্যসহযোগে সারা দেশে বিতরণ ও প্রচারের জন্য পোস্টার প্রস্তুতের কাজ চলমান আছে। | মূল অনুষ্ঠানের কমপক্ষে সাত দিন পূর্বে পোস্টার প্রস্তুত ও বিতরণ সম্পন্ন করতে হবে। | পোস্টার প্রস্তুত ও বিতরণ উপকমিটি |
| ২৩। | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | সভায় আলোচনা হয় যে, প্রতিবন্ধী সংগঠনসমূহের কমিটির প্রতিনিধিগণের উপস্থিতিতে কম্পিউটেরাইজড পদ্ধতিতে সংস্কৃতিক অনুষ্ঠানের জন্য কলা-কুশলী নির্বাচন করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে অধিক সংখ্যক প্রতিবন্ধী শিশুর অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি এবং প্রতিবন্ধিতা, মাদার অফ হিউমিনিটি এবং ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে অসাধারন বক্তৃতা হিসেবে অন্তর্ভূক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠানটি প্রনয়ণ এবং উপস্থাপন করার বিষয়ে আলোচনা হয়। | অধিক সংখ্যক প্রতিবন্ধী শিশুর অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি এবং প্রতিবন্ধিতা, মাদার অফ হিউমিনিটি এবং ইউনেস্কো কর্তৃক বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে অসাধারণ বক্তৃতা গ্রহণের বিষয় অন্তর্ভূক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠানটি প্রনয়ণ এবং উপস্থাপন করতে হবে | সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি |
| ২৪। | অতিথি ও দর্শক সমাগম/উপস্থিতি নিশ্চিতকরণ | সভায় আলোচনা হয় যে, অনুষ্ঠানের জন্য বরাদ্দকৃত মিলনায়নটির গ্যালারীসহ আসন সংখ্যা ২৫০০ । সম্মানিত ও আমন্ত্রিত অতিথি এবং দর্শকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যগণ দ্বারা মিলনায়তনটি অবশ্যই পরিপূর্ণ করতে হবে। এজন্য, মহাপরিচালক সমাজসেব অধিদপ্তর কে আহবায়ক, করে একটি উপকমিটি গঠন করার বিষয়ে আলোচনা করা হয়। | (১) সম্মানিত ও আমন্ত্রিত অতিথি এবং দর্শকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের সদস্যগণ দ্বারা মিলনায়তনটি অবশ্যই পরিপূর্ণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২)মহাপরিচালক সমাজসেবা অধিদপ্তর কে আহবায়ক, করে নিম্নবর্ণিত উপকমিটি গঠন করা হয় (পরিশিষ্ঠ-খ) | অতিথি ও দর্শক সমাগম/উপস্থিতি নিশ্চিতকরণ |
| ২৫। | এসবি পাশ সংগ্রহ ও ফেরৎ প্রদান উপ-কমিটি | ৩ ডিসেম্বর, ২০১৭ ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস উদযাপন অনুষ্ঠানে দায়িত্বপ্রাপ্ত ও কর্ম-সম্পাদনে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারি ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জন্য এসবি পাশ সংগ্রহ ও অনুষ্ঠান সম্পূর্ন হওয়ার পর তা এসবি কার্যালয়ে ফেরৎ প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। | এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ২৬তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস ও ১৯তম জাতীয় প্রতিবন্ধী দিবস অনুষ্ঠানে দায়িত্ব প্রাপ্ত ও কর্মসম্পাদনে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারি ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জন্য বাংলাদেশ পুলিশের সংশ্লিষ্ঠ কার্যালয় | এসবি পাশ সংগ্রহ ও ফেরৎ প্রদান উপ-কমিটি (পরিশিষ্ঠ-গ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | থেকে এসবি পাশ সংগ্রহ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। (পরিশিষ্ঠ-গ) অনুষ্ঠান শেষে এ কমিটি সকল এসবি পাশ সংগ্রহ পূর্বক বাংলাদেশ পুলিশের সংশ্লিষ্ঠ কার্যালয়ে ফেরৎ প্রদান করবে। | |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মোঃ জিল্লার রহমান
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়

**স্মারক নম্বর-** ৪১.০০.০০০০.০৫৪.১৮.০১৮.১৫-৫৯২ তারিখঃ ০৭ নভেম্বর, ২০১৭ খ্রিঃ

**বিতরণঃ সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং আহবায়ক, ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বাণী সংগ্রহসহ) এবং মঞ্চসজ্জা উপ-কমিটি
২। অতিরিক্ত (উন্নয়ন, আইন ও সংস্থা), সমাজকল্যান মন্ত্রণালয় আহবায়ক উদযাপন কমিটি এবং পুরস্কার মনোনয়ন উপ-কমিটি
৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, এবং আহবায়ক, পুরস্কার প্রদান সুপারিশ উপ-কমিটি
৪। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁ, ঢাকা
৫। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান ও প্রতিবন্ধীতা) ও সদস্য, উদযাপন কমিটি
৬। ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা ও আহবায়ক,মেলা প্রদর্শনী উপ-কমিটি
৭। অতিরিক্ত সচিব ( বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) সমাজকল্যাণ মন্ত্রণালয় আহবায়ক, বাজেট এবংপুরস্কার সামগ্রী প্রস্তুত উপ-কমিটি
৮। জনাব মশিউর রহমান, আটুআই প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও ঢাকা
৯। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও আহবায়ক, সচিবালয়সহ সড়কদ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি
১০। যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, বাজেট এবং ডকুমেন্টরী প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি
১১। পরিচালক ( কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর ও আহবায়ক,ডকুমেন্টারি প্রণয়ন ও প্রদর্শন উপ-কমিটি
১২। অধ্যক্ষ, প্রয়াস, সেনা সহায়ক স্কুল, ধামালকোর্ট, ঢাকা সেনানিবাস ও আহবায়ক,সাংস্কৃতিক অনুষ্ঠান উপ-কমিটি
১৩। ব্যবস্থাপনা পরিচালক, এনডিডি সুরক্ষা ট্রাস্ট ও সদস্য-সচিব, পুরুস্কার প্রদান ও সুপারিশ উপ-কমিটি
১৪। পরিচালক (প্রশাসন ও অর্থ ), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সদস্য-সচিব, মেলা প্রদর্শনী উপ-কমিটি
১৫। পরিচালক ( পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও আহবায়ক, পোস্টার প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি
১৬। উপসচিব, প্রশাসন-১, সমাজকল্যাণ মন্ত্রণালয় ওআহবায়ক,ব্রোশিউর উপ-কমিটি
১৭। উপসচিব, প্রশাসন-৩, সমাজকল্যান মন্ত্রণালয় ও আহবায়ক, ব্রোশিউর উপ-কমিটি
১৮। উপসচিব, এনডিডি ও অটিজম অধিশাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়ওসদস্য-সচিব, ক্রোড়পত্র প্রকাশ ও প্রচার (বাণী সংগ্রহসহ) উপ-কমিটি
১৯। পরিচালক ( পরিকল্পনা ও উন্নয়ন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর,ওসদস্য-সচিব, মঞ্চসজ্জা উপ-কমিটি

২০। কর্মসূচি পরিচালক, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কর্মসূচি, সমাজসেবা ভবন ও সদস্য-সচিব, ব্রোশিউর উপ-কমিটি
২১। সহকারি সচিব (বাজেট), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, পুরস্কারসামগ্রী প্রস্তুত উপ-কমিটি
২২। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সদস্য-সচিব, সচিবালয়সহ সড়কদ্বীপ সজ্জিতকরণ উপ-কমিটি
২৩। সহকারী পরিচালক অর্থ, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন ও সদস্য-সচিব, পোষ্টার প্রস্তুত ও বিতরণ উপ-কমিটি
২৪। মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম, আদাবর, ঢাকা ও সদস্য-সচিব, সাংস্কৃতিক উপ-কমিটি
২৫। প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১), সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সদস্য-সচিব, আমন্ত্রণপত্র মুদ্রণ ও বিলি উপ-কমিটি

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিস্টেম এনালিষ্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪.জনসংযোগ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( ৪,৫ ও ৮ নং বিষয়ে বর্ণিত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০৭.১১.২০১৭

(মোঃ সিরাজুল ইসলাম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪৬০৪২
Email: syrusmono@gmail.com

**অতিথি ও দর্শক নিশ্চিতকরণ উপ-কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর | আহবায়ক |
| ২। | পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন | সদস্য |
| ৩। | জনাব ড. আবুল হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | অধ্যক্ষ, প্রয়াস এর প্রতিনিধি | সদস্য |
| ৫। | মহাসচিব, জাতীয় প্রতিবন্ধী ফোরাম | সদস্য |
| ৬। | মহাসচিব, সুইড বাংলাদেশ | সদস্য |
| ৭। | জনাব হরিশ চন্দ্র বিশ্বাস, উপ-পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর | সদস্য-সচিব |

পরিশিষ্ঠ-গ

**এসবি পাশ সংগ্রহ ও ফেরৎ প্রদান উপ-কমিটি**

| | | |
|---|---|---|
| ১। | জনাব জি.এম. আব্বাস হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২। | জনাব মোহাম্মদ হোসেন, সহকারি সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | জনাব ফজলুল হক ভূইয়া, প্রশাসনিক কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৪। | জনাব নুরুল ইসলাম, লিয়াজো অফিসার, সমাজসেবা অধিদফতর | সদস্য |
| ৫। | জনাব ড. আবুল হোসেন, উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য-সচিব |